

এই মুহূর্তে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন করা প্রয়োজন



সাংবাদিকদের সঙ্গে কথা বলছেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা বিধান রঞ্জন রায়। ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১২ আগস্ট ২০২৪ | ১৬:০৪ | আপডেট: ১২ আগস্ট ২০২৪ | ১৭:১৮



এই মুহূর্তে আমাদের প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন করা প্রয়োজন বলে মন্তব্য করেছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা বিধান রঞ্জন রায়।

দায়িত্ব পাওয়ার পর সোমবার সচিবালয়ে প্রথম অফিস করতে এসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে উপদেষ্টা এ মন্তব্য করেন।



তিনি বলেন, প্রাথমিক শিক্ষা হচ্ছে যে কোনো একটি দেশের জাতির জন্য একদম ভিত স্বরূপ। কারণ বাচ্চাদের শিক্ষাটা কিন্তু প্রথম জীবনে যা পড়ে সেটি কিন্তু ব্যক্তিত্বের ভিত গড়ে দেয়। কিন্তু, খুব দুঃখজনক হল, আমাদের দেশে বাস্তবে কিন্তু এটা এতোটুকু কার্যকরী হয় না, যেমনটা করা উচিত তেমনটা করা হয় না।

উপদেষ্টা বলেন, এক সময় আমাদের স্বাক্ষরতার হার খুব কম ছিল। একদিক দিয়ে অনেক উন্নতি হয়েছে, আমাদের অবকাঠামোগত অনেক উন্নতি হয়েছে। ফলে স্বাক্ষরতার হার বেড়েছে। আমাদের শিশুরা বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে যাচ্ছে।

‘কিন্তু এই মুহূর্তে আমাদের যেটা প্রয়োজন সেটা হচ্ছে, মানের উন্নয়ন করা। প্রাথমিক শিক্ষার মানের উন্নয়ন করা। যেন আমাদের শিশুরা সূনাগরিক হিসেবে গড়ে ওঠে এবং তারা অবদান রাখতে পারে।’

তিনি আরও বলেন, আমি আজকে এসেছি। সবার সঙ্গে বসবো। তারপর আমরা কর্মকৌশল ঠিক করব।

প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠানগুলো খোলার সিদ্ধান্ত হয়ে আছে। কিন্তু কার্যকর হচ্ছে না। কবে থেকে কার্যকর হচ্ছে- জানতে চাইলে তিনি বলেন, এই বিষয়টা নিয়ে আমরা কথা বলি, তারপর ঠিক করি।

বিধান রঞ্জন রায় বলেন, কারণ যেটা হয়েছে সামগ্রিকভাবে এখন একটা অস্থিরতা তৈরি হয়েছে। আর বাচ্চারা খুব ছোট। অস্থিরতা না কমে যদি সমস্যাগুলো থাকে তাহলে তো মানুষজন বাচ্চাদের স্কুলে পাঠাতে আগ্রহ বোধ করে না। ঘোষণা দিলেই তো হয় না ব্যাপারটা। সেজন্যই এ বিষয়টি ঠিক করে আমরা জানাবো।